

বই পড়ার অভ্যাস জরুরি

বই নিয়ে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে আলোচকেরা

নিজস্ব প্রতিবেদক

বই নিয়ে এক অনুষ্ঠানে আলোচকেরা বলেছেন, বস্তাবাদী সমাজব্যবস্থায় মানুষ বই পড়তে চায় না। আর জাতীয়ভাবেও বই পড়ার অভ্যাসটা এখনো গড়ে ওঠেনি। কিন্তু প্রকৃত মানুষ হতে হলে বই পড়ার অভ্যাস জরুরি। বই পড়ার বিকল্প আর কিছুই নেই।

গতকাল সোমবার বিকেলে রাজধানীর বাংলামোটরে বিশ্বসাহিত্য কেন্দ্রের ইশ্ফেদ্দিয়ার জাহেদ মিলনায়তনে এক পুরস্কার বিতরণ অনুষ্ঠানে শিক্ষামন্ত্রীসহ আলোচকেরা তাঁদের বক্তব্যে এমন অভিমত দেন।

পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচির সেরা সংগঠকদের সম্মাননা দিতে বিশ্বসাহিত্য কেন্দ্র পুরস্কার দেওয়ার এই অনুষ্ঠানের আয়োজন করে।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, 'বই পড়ার অভ্যাসটা আমরা জাতীয়ভাবে গড়ে তুলতে পারিনি। আর পাঠ্যপুস্তকে আমরা যা পড়ি তা সীমিত। জীবনকে বিকশিত ও নতুন যুগের সঙ্গে তাল মেলাতে বই পড়া প্রয়োজন। একমাত্র বইয়ের মাধ্যমে আমাদের জ্ঞান ও দক্ষতা ধারালো করা সম্ভব।'

বিশ্বসাহিত্য কেন্দ্র ও শিক্ষা

মন্ত্রণালয়ের উদ্যোগে সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্টের (সেকায়েপ) অধীনে পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি পরিচালিত হয়।

সেকায়েপ প্রকল্পের পরিচালক অতিরিক্ত সচিব মো. মাহামুদ-উল-হকের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্বসাহিত্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন, মাদ্রাসা ও কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত সচিব মো. আলমগীর প্রমুখ বক্তব্য দেন।

পরিচালকের বক্তব্য	
প্রশ্ন নং.....	
তারিখ.....	
চাফ. পরিসংখ্যান বিভাগ	
চাফ. ডি.এল.পি. বিভাগ	
সিস্টেম এনালিস্ট	
সিস্টেম ম্যানেজার	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	
কার্যার্থে/জাতার্থে	
	স্বাক্ষর